



**২৫ মার্চ গণহত্যা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে প্রযুক্তিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি	: জনাব জাহিদ মালেক, এমপি মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়)
সভার তারিখ	: ১৫.০৩.২০২১ খ্রি.
সময়	: বেলা ১১:৩০ টা
সভায় উপস্থিতি	: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বক্তব্যের শুরুতে তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। তিনি দেশের জন্য আত্মত্যাগকারী সকল শহীদকে শ্রদ্ধাভরে স্মরণ করেন। পাকিস্তানি বাহিনী কর্তৃক ২৫ মার্চ ১৯৭১ রাতে রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন জায়গায় নারকীয় হত্যাযজ্ঞ শুরু করেছিল, যার ফলে বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষ জীবন দিয়েছেন এবং নির্যাতনের শিকার হয়েছেন। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, ২৫ মার্চ কালোরাত বাঙালীর জীবনে এক ভয়াবহ রক্তাক্ত ইতিহাসের দিন হিসেবে স্মরণীয় হয়ে আছে। তিনি আরও বলেন, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস বাংলাদেশের ইতিহাসে একটি গৌরবান্বিত দিন। এ বছর ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস একটি অন্যরকম গুরুত্ব বহন করতে যাচ্ছে। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বলেন, ২০২১ সালের ২৬ মার্চ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী হিসেবে উদযাপন করা হবে যেখানে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানগণ উপস্থিত থাকবেন। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ সময়কালের জন্য একটি কর্মসূচি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে পাওয়া গেছে। এছাড়া বর্তমানে জাতির পিতার জন্মশতবার্ষিকী পালিত হচ্ছে বিধায় দিবসটি অধিক গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে। অতঃপর সভাপতি জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কি ধরণের পদক্ষেপ নিতে পারে সে বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**২৫শে মার্চ গণহত্যা দিবসের কর্মসূচি**

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	সারা দেশে প্রতীকী ব্ল্যাক-আউট রাত ৯.০০টা হতে ৯.০১ পর্যন্ত ০১ (এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত)	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, ২৫ মার্চ গণহত্যা দিবসে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে সারাদেশে রাত ৯.০০টা হতে ৯.০১ পর্যন্ত ০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) কর্মসূচি পালন করা যাবে। সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।	২৫ মার্চ গণহত্যা দিবসে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থা ও স্বাস্থ্য প্রতিষ্ঠানের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ রাত ৯.০০টা হতে ৯.০১ পর্যন্ত ০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউটে অংশগ্রহণ করবেন। (কেপিআই/ জরুরি স্থাপনা ব্যতীত)	উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল) মহাপরিচালক (সকল) অতিরিক্ত সচিব (প্রশাসন)/স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
<b>২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর কর্মসূচি</b>				
২.	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন	সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বলেন, সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের বিষয়টি জাতীয় কর্মসূচির অন্তর্ভুক্ত। এ কারণে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা প্রয়োজন। সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন।	২৬ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা, স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।	মহাপরিচালক (সকল)/উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/বিভাগীয় পরিচালক (সকল)/পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)/অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)/সিভিল সার্জন (সকল)/ভক্তাবধায়ক (সকল)/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিস (সকল)/বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান (সকল)
৩.	গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি,	সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বলেন, সকল সরকারি, আধা-সরকারি,	২৫ মার্চ জালোকসজ্জা করা যাবে না। ২৬ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে স্বাস্থ্য	মহাপরিচালক (সকল)/উপাচার্য, মেডিকেল

	স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা	স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জার বিষয়টি জাতীয় কর্মসূচির অন্তর্ভুক্ত। এ কারণে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করা প্রয়োজন। সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন।	পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	বিশ্ববিদ্যালয় (সকল)/বিভাগীয় পরিচালক (সকল)/পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)/অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)/সিভিল সার্জন (সকল)/তত্ত্বাবধায়ক (সকল)/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিস (সকল)/বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান (সকল)
৪.	সভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ	২৬ মার্চ ভোর ৫.৫৬ মিনিটে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পর সুবিধাজনক সময়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি দলের পুষ্পস্তবক অর্পণ করার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন।	২৬ মার্চ ভোর ৫.৫৬ মিনিটে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পর সুবিধাজনক সময়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি দলের পুষ্পস্তবক অর্পণ করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত হয়।	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ ও সচিব স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ মহাপরিচালক (সকল)
৫.	স্বাস্থ্য বিধি মেনে মোনাজাত/প্রার্থনা;	২৬ মার্চ, ২০২১ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আয়োজন উপলক্ষে স্বাস্থ্য বিধি মেনে মোনাজাত/প্রার্থনার বিষয়ে সভাপতি বলেন, নিরাপদ সামাজিক দূরত্ব বজায় রেখে মোনাজাত/প্রার্থনা করতে হবে।	২৬ মার্চ, ২০২১ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আয়োজন উপলক্ষে নিরাপদ সামাজিক দূরত্ব বজায় রেখে মোনাজাত/প্রার্থনা করতে হবে।	মহাপরিচালক (সকল)/উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/বিভাগীয় পরিচালক (সকল)/পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)/অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)/সিভিল সার্জন (সকল)/তত্ত্বাবধায়ক (সকল)/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিস (সকল)/বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান (সকল)
৬.	দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন এবং ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীগণ স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।	২৬ মার্চ জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন এবং ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীগণ স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।	২৬ মার্চ জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন এবং ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের সকল কর্মকর্তা/কর্মচারীগণের স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।	মহাপরিচালক (সকল) বিভাগীয় পরিচালক (সকল) উপ-পরিচালক (সকল)
৭.	“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন” বিষয়ক আলোচনা; এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন” বিষয়ে আলোচনা;	২৬ মার্চ, ২০২১ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আয়োজন উপলক্ষে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন” বিষয়ক আলোচনা অনুষ্ঠান সম্পর্কে সভাপতি বলেন, দেশের সকল সিভিল সার্জন ও ফ্যামিলি প্ল্যানিং অফিসারগণ দেশের ৬৪ টি জেলায় “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর দেশের উন্নয়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবেন।	২৬ মার্চ, ২০২১ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আয়োজন উপলক্ষে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন” বিষয়ক আলোচনা অনুষ্ঠান সম্পর্কে দেশের সকল সিভিল সার্জন ও ফ্যামিলি প্ল্যানিং অফিসারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মহাপরিচালক (সকল)
৮.	দেশের সকল হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার সরবরাহ;	২৬ মার্চ, ২০২১ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আয়োজন উপলক্ষে দেশের সকল হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার সরবরাহ ও পরিবেশন প্রসঙ্গে সভাপতি বলেন যে, প্রতি বছরের ন্যায় এ বছরও ২৬ মার্চ,	২৬ মার্চ, ২০২১ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আয়োজন উপলক্ষে দেশের সকল হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার সরবরাহ ও পরিবেশনের ব্যবস্থা	মহাপরিচালক (সকল)/উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/বিভাগীয় পরিচালক (সকল)/পরিচালক,

		২০২১ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আয়োজন উপলক্ষে সকল হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার পরিবেশনের ব্যবস্থা করা প্রয়োজন।	করতে হবে।	মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)/অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)/সিভিল সার্জন (সকল)/তত্ত্বাবধায়ক (সকল)/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিস (সকল)/বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান (সকল)
৯.	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রামাণ্যচিত্র প্রস্তুত ও প্রচার	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবা বিষয়ক ৫ মিনিটের একটি প্রামাণ্যচিত্র তৈরি করা প্রয়োজন। যাতে চিকিৎসা ও পরিবার পরিকল্পনা বিষয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর দর্শন প্রতিফলিত হয় এবং তা বেতার, টেলিভিশন ও অন্যান্য প্রচারমাধ্যমে সারাবছর প্রচার করার বিষয়ে আলোচনা হয়।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবা বিষয়ক ৫ মিনিটের একটি প্রামাণ্য চিত্র তৈরি করতে হবে যাতে চিকিৎসা ও পরিবার পরিকল্পনা বিষয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর দর্শন প্রতিফলিত হয় এবং তা বেতার, টেলিভিশন ও অন্যান্য প্রচারমাধ্যমে সারাবছর প্রচার করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হল: ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর-আহ্বায়ক ০২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর- সদস্য ০৩। মহাপরিচালক, নিপোর্ট- সদস্য ০৪। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর- সদস্য ০৫। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর- সদস্য ০৬। পরিচালক, আই ই এম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর- সদস্য সচিব	সংশ্লিষ্ট কমিটি
১০.	দেশব্যাপী সুবর্ণজয়ন্তী মেলা আয়োজন করা	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত দেশব্যাপী সুবর্ণজয়ন্তী মেলা আয়োজন জাতীয় কর্মসূচীর অন্তর্ভুক্ত। জেলা ও উপজেলা পর্যায়ে সুবর্ণজয়ন্তী মেলায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ সক্রিয়ভাবে অংশগ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত দেশব্যাপী সুবর্ণজয়ন্তী মেলা আয়োজন জাতীয় কর্মসূচীর অন্তর্ভুক্ত। জেলা ও উপজেলা পর্যায়ে সুবর্ণজয়ন্তী মেলায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ সক্রিয়ভাবে অংশগ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত হয়।	মহাপরিচালক (সকল) বিভাগীয় পরিচালক (সকল) উপ-পরিচালক (সকল)
১১.	নতুন প্রজন্মের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে মুক্তির উৎসব	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন ও নতুন প্রজন্মের ছাত্র-ছাত্রীদের এ বিষয়ে অবহিত করার লক্ষ্যে চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মুক্তির উৎসব অনুষ্ঠানে অংশগ্রহণ করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপন ও নতুন প্রজন্মের ছাত্র-ছাত্রীদের এ বিষয়ে অবহিত করার লক্ষ্যে চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মুক্তির উৎসব অনুষ্ঠানে অংশগ্রহণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।	উপাচার্য (সকল), মহাপরিচালক (স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর), মহাপরিচালক (নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর)
১২.	দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের লক্ষ্যে দেশব্যাপী স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন সকল চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করা প্রয়োজন।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের লক্ষ্যে দেশব্যাপী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ মহাপরিচালক (সকল)/উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/বিভাগীয় পরিচালক (সকল)/পরিচালক, মেডিকেল কলেজ

				হাসপাতাল (সকল)/অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)/সিভিল সার্জন (সকল)/তত্ত্বাবধায়ক (সকল)/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিস (সকল)/বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান (সকল)
১৩.	দেশের সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/মেডিকেল বিশ্ববিদ্যালয়/চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন করা প্রয়োজন মর্মে আলোচনা হয়।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/মেডিকেল বিশ্ববিদ্যালয়/চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।	স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ মহাপরিচালক (সকল)/উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/বিভাগীয় পরিচালক (সকল)/পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)/অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)/সিভিল সার্জন (সকল)/তত্ত্বাবধায়ক (সকল)/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিস (সকল)/বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান (সকল)
১৪.	বর্ণাঢ্য র্যালির আয়োজন	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা এবং দেশের সকল সরকারি-বেসরকারি স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্যবিধি মেনে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বর্ণাঢ্য র্যালিতে সক্রিয় অংশগ্রহণের বিষয়ে আলোচনা হয়।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা এবং দেশের সকল সরকারি-বেসরকারি স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্যবিধি মেনে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বর্ণাঢ্য র্যালিতে সক্রিয় অংশগ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত হয়।	মহাপরিচালক (সকল) বিভাগীয় পরিচালক (সকল) উপ-পরিচালক (সকল)
১৫.	ব্যানার/বিলবোর্ড স্থাপন	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ সকল দপ্তর/সংস্থাসমূহ এবং সরকারি ও বেসরকারি স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতির পিতার বিশেষ উক্তি সম্বলিত একই ডিজাইনের ব্যানার/বিলবোর্ড স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ সকল দপ্তর/সংস্থাসমূহ এবং সরকারি ও বেসরকারি স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতির পিতার বিশেষ উক্তি সম্বলিত একই ডিজাইনের ব্যানার/বিলবোর্ড স্থাপন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	মহাপরিচালক (সকল) বিভাগীয় পরিচালক (সকল) উপ-পরিচালক (সকল)
১৬.	মনিটরিং কমিটি গঠন;	২৬ মার্চ, ২০২১ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আয়োজন উপলক্ষে প্রণীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়ন ও তদারকি করার জন্য মনিটরিং কমিটি গঠনের বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করেন।	২৬ মার্চ, ২০২১ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আয়োজন উপলক্ষে প্রণীত কর্মসূচিসমূহের বাস্তবায়ন তদারকি করার জন্য দুই বিভাগে মনিটরিং কমিটি গঠন করতে হবে।	স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৭.	স্যুভেনির তৈরি করা;	সভাপতি ২৬ মার্চ, ২০২১ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আয়োজন উপলক্ষে প্রতি বছরের ন্যায় স্যুভেনির তৈরি করার বিষয়ে আলোকপাত করেন।	২৬ মার্চ, ২০২১ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আয়োজন উপলক্ষে স্যুভেনির তৈরি করতে হবে।	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর
১৮.	স্বাধীনতার সুবর্ণজয়ন্তীকে স্মরণে রাখার জন্য স্মারক দ্রাবাদি তৈরি;	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী স্মরণ রাখার জন্য সভাপতি স্মারক তৈরি করার বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন স্মারক হিসেবে কার্টের তৈরী গ্রাস, মগ, পেপারওয়াইট ব্যবহার করা যাবে যেখানে বঙ্গবন্ধুর ছবি সংবলিত বাণী থাকবে।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী স্মরণ রাখার জন্য স্মারক হিসেবে বঙ্গবন্ধুর ছবি ও বাণী সংবলিত কার্টের তৈরী গ্রাস, মগ, পেপারওয়াইট ব্যবহার করতে হবে থাকবে।	স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

১৯.	ব্যাজ/কোটপিন পরিধান	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল প্রতিষ্ঠানসমূহে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী সম্বলিত ব্যাজ/কোটপিন পরিধান বিষয়ে সভায় আলোচনা হয়।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল প্রতিষ্ঠানসমূহে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী সম্বলিত ব্যাজ/কোটপিন পরিধান বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।	স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ মহাপরিচালক (সকল)/উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/বিভাগীয় পরিচালক (সকল)/পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)/অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)/সিভিল সার্জন (সকল)/তত্ত্বাবধায়ক (সকল)/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিস (সকল)/বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান (সকল)
২০.	সুভেনির প্রভুত	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন, স্বাধীনতার ইতিহাস, জাতির পিতার আদর্শ ভবিষ্যৎ প্রজন্মকে অবহিত করার লক্ষ্যে সুভেনির/শ্যাপাজিন প্রকাশ করা যেতে পারে।	২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন, স্বাধীনতার ইতিহাস, জাতির পিতার আদর্শ ভবিষ্যৎ প্রজন্মকে অবহিত করার লক্ষ্যে সুভেনির/শ্যাপাজিন ইত্যাদি প্রচারের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ উপাচার্য (সকল) মহাপরিচালক (সকল)
২১.	৫০ টি জাতীয় পতাকা সম্বলিত সুবর্ণজয়ন্তী র্যালি	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ৫০ টি জাতীয় পতাকা সম্বলিত সুবর্ণজয়ন্তী র্যালি দেশের প্রতিটি জেলায় প্রদক্ষিণ করবে। যখন যে জেলায় যাবে সেই জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ র্যালিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা এবং সার্বিক সহযোগিতা করার বিষয়ে সভায় আলোচনা হয়।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ৫০ টি জাতীয় পতাকা সম্বলিত সুবর্ণজয়ন্তী র্যালি দেশের প্রতিটি জেলায় প্রদক্ষিণ করবে। যখন যে জেলায় যাবে সেই জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ র্যালিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা এবং সার্বিক সহযোগিতা করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	স্বাস্থ্য সেবা বিভাগ ও স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ মহাপরিচালক (সকল)/উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)/বিভাগীয় পরিচালক (সকল)/পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)/অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)/সিভিল সার্জন (সকল)/তত্ত্বাবধায়ক (সকল)/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিস (সকল)/বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান (সকল)
২২.	বিভিন্ন স্তরের স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানে স্বাধীনতা, মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু বিষয়ক পাঠ এর আয়োজন	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের লক্ষ্যে বিভিন্ন স্তরের স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানে স্বাধীনতা, মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু বিষয়ক পাঠ এর আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের লক্ষ্যে বিভিন্ন স্তরের স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানে স্বাধীনতা, মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু বিষয়ক পাঠ এর আয়োজন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।	মহাপরিচালক (সকল)
২৩.	বঙ্গবন্ধু কর্তৃক প্রতিষ্ঠিত স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত করে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।	বঙ্গবন্ধু কর্তৃক প্রতিষ্ঠিত স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত করে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।	বঙ্গবন্ধু কর্তৃক প্রতিষ্ঠিত স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত করে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত হয়।	উপাচার্য (বিএসএমএমইউ) মহাপরিচালক (সকল)



৩০.	গ্রামাঞ্চলের প্রথাগত প্রশিক্ষণবিহীন ধাত্রীদের তালিকা প্রণয়ন করে বিশেষ প্রশিক্ষণের (CSVA) আয়োজন করা	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে গ্রামাঞ্চলের প্রথাগত প্রশিক্ষণবিহীন ধাত্রীদের তালিকা প্রণয়ন করে বিশেষ প্রশিক্ষণের (CSVA) আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে গ্রামাঞ্চলের প্রথাগত প্রশিক্ষণবিহীন ধাত্রীদের তালিকা প্রণয়ন করে বিশেষ প্রশিক্ষণের (CSVA) আয়োজন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।	মহাপরিচালক (পরিবার পরিকল্পনা অধিদপ্তর)
৩১.	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় পর্যায়ক্রমে সকল জেলাকে Paperless District ঘোষণা করা	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় পর্যায়ক্রমে সকল জেলাকে Paperless District ঘোষণা করার উদ্যোগ নেয়া হয়। ইতোমধ্যে ০৬টি জেলাকে পেপারলেস ঘোষণা করা হয়েছে এবং অন্যান্য জেলাগুলোকে পেপারলেস ঘোষণা করার প্রক্রিয়া চলমান রয়েছে।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় পর্যায়ক্রমে সকল জেলাকে Paperless District ঘোষণা করা। ইতোমধ্যে ০৬টি জেলাকে পেপারলেস ঘোষণা করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত হয়।	মহাপরিচালক (সকল)
৩২.	কোভিড-১৯ প্রতিরোধে ব্যাপক সচেতনতা ও প্রচারণা কার্যক্রম জোরদারকরণ	সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে বর্তমান কোভিড-১৯ প্রতিরোধে ব্যাপক সচেতনতা ও প্রচারণা কার্যক্রম জোরদারকরণের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন।	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে বর্তমান কোভিড-১৯ প্রতিরোধে ব্যাপক সচেতনতা ও প্রচারণা কার্যক্রম জোরদারকরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।	মহাপরিচালক (সকল)

০২। পরিশেষে সভাপতি মহোদয় ২৫ মার্চ গণহত্যা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন যথাযথ মর্যাদায় বাস্তবায়নের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন এবং সকল কর্মসূচি মাননীয় মন্ত্রীর সাথে আলোচনা করে চূড়ান্ত করা হবে।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
২৪.০৩.২০২১  
(জাহিদ মালেক)  
মন্ত্রী


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪০.০৬.০০১.২০-৪২৯

তারিখ: ২৪.০৩.২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়।
২. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. মহাপরিচালক (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৬. উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১২. লাইব্রেরিয়ান/হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
২৪/০৩/২০২১  
(জাকিয়া পারভীন)  
উপসচিব  
ফোন: ৯৫৭৭৯৮৫  
admin1@hds.gov.bd